

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৫১

১/ বিবিধ

আরবী

البادىء بالسلام بريء من الصرم

ضعيف

أخرجه أبو نعيم في "الحلية" (7 / 134 و 9 / 25) من طريق عبد الرحمن بن عمر -
رسالة - : حدثنا ابن مهدي حدثنا سفيان عن أبي إسحاق عن أبي الأحوص عن عبد
الله قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره
أخرجه من طريقين عن رسالة. وخالفهما العباس بن الفضل الأسفاطي: حدثنا رسالة
الأصبhani به، إلا أنه قال: "الكبر" مكان: "الصرم". أخرجه الخطيب في "الجزء
السابع" من "الجامع" كما في "المنتقى منه" (19 / 2) والأسفاطي
هذا لم أعرفه، وهو من شيوخ الطبراني في "المعجم الصغير" (رقم 7 - "الروض")
'، و"المعجم الأوسط" ، وله فيه أربعة وعشرون حديثا، وقد ذكره ابن الأثير في "
اللباب" (1 / 54) ولم يورد فيه جرحا ولا تعديلا. فلفظه هذا
شاذ أو منكر لمخالفته الطرقيين فيه. ثم قال أبو نعيم: "غريب، تفرد به عن الثوري
عبد الرحمن بن مهدي". وقال في الموضع الآخر: "غريب من حديث الثوري عن أبي
إسحاق، كأنه غير محفوظ، والمشهور ما حدثنا حبيب بن الحسن: حدثنا يوسف
القاضي حدثنا ابن أبي بكر حدثنا ابن مهدي حدثنا سفيان عن أبي قيس عن عمرو بن
ميمون عن [ابن] مسعود عن النبي صلى الله عليه وسلم مثله
قلت: الإسناد الأول عندي أقوى، لولا أمران اثنان: الأول: أنهم قالوا في ترجمة رسالة

هذا: "وَغَرَائِبُ حَدِيثِهِ تَكْثُرٌ". وَالآخِرُ: أَنَّ أَبَا إِسْحَاقَ، وَهُوَ السَّبِيعِيُّ، مَذْلُوسٌ، وَقَدْ عَنِّنَهُ. وَالْحَدِيثُ أَعْلَمُ الْمَنَاوِيِّ بِعْلَةً غَرِيبَةً، فَقَالَ: "وَفِيهِ أَبُو الْأَحْوَصُ، قَالَ أَبْنَى مَعِينَ: لَيْسَ بِشَيْءٍ، وَأَوْرَدَهُ الْذَّهَبِيُّ فِي (الضَّعَفَاءِ)"

ولخص ذلك في "التيسير"، فقال: "وَفِيهِ أَبُو الْأَحْوَصُ، وَهُوَ ضَعِيفٌ". قلت: وهذا خطأ فاحش، فأبو الأحوص في الحديث ليس هو الذي ضعفه الذهبي، هذا مجهول الاسم والعدالة، وتمام كلام الذهبي: "ما روى عنه غير الزهري وأنت ترى الحديث من روایة أبي إسحاق عنه، وأبو الأحوص الذي يروي عنه أبو إسحاق إنما هو عوف بن مالك الجشمي، وهو ثقة من رجال مسلم، فلو أن أبو إسحاق صرخ بسماعه منه لهذا الحديث لكان حديثاً جيداً. والله أعلم"

বাংলা

১৭৫১। প্রথমে সালাম প্রদানকারী সম্পর্ক ছিল করা থেকে নিরাপদে থাকবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে আবু নুয়াইম "আলহিলয়াহ" গ্রন্থে (৭/১৩৪, ৯/২৫) আব্দুর রহমান ইবনু উমার রাসতাহ হতে, তিনি ইবনু মাহদী হতে, তিনি সুফিয়ান হতে, তিনি আবু ইসহাক হতে, তিনি আবুল আহওয়াস হতে, তিনি আবুল্লাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

তিনি এটিকে রাস্তাহ হতে দুটি সূত্রে বর্ণনা করেছেন। আববাস ইবনুল ফাযল আসফাতী সে দুটি সূত্রের বিরোধিতা করে বলেছেনঃ রাস্তাহ আসবাহানী আমাদেরকে হাদীসটি বর্ণনা করে শুনিয়েছেন। তবে তিনি "আসসারম" শব্দের স্থলে "আলকিবর" শব্দ বলেছেন। এটিকে খাতীব বাগদাদী "আলজামে" গ্রন্থের "জুয়েস সাবে"-এর মধ্যে বর্ণনা করেছেন যেমনটি "আলমুনতাকা মিনহ" গ্রন্থে (২/১৯) উল্লেখ করা হয়েছে।

এ আসফাতীকে আমি চিনি না। তিনি "আলমুজামুস সাগীর" ও "আলমুজামুল আওসাত" গ্রন্থে তুবারানীর শাইখদের অন্তর্ভুক্ত। তার এতে চরিষ্টি হাদীস রয়েছে। ইবনুল আসীর তাকে "আললুবাব" গ্রন্থে (১/৫৪) উল্লেখ করে তার সম্পর্কে ভালো-মন্দ কিছুই উল্লেখ করেননি। তার এ ভাষা শায অথবা মুনকার, দুটি সূত্রের বিরোধী হওয়ার কারণে। অতঃপর আবু নুয়াইম বলেনঃ এটি গারীব। আব্দুর রহমান ইবনু মাহদী সাওরী হতে এককভাবে বর্ণনা করেছেন।

তিনি অন্যত্র বলেনঃ আবু ইসহাক হতে সাওরীর এ হাদীস গারীব। যেন এটি নিরাপদ নয়। প্রসিদ্ধি লাভ করে সেটি যেটিকে হাবীব ইবনুল হাসান বর্ণনা করেছেন ইউসুফ কায়ী হতে, তিনি ইবনু আবু বকর হতে, তিনি ইবনু মাহদী অতে, তিনি সুফিয়ান হতে, তিনি আবু কায়েস হতে, তিনি আমর ইবনু মাইমুন হতে, তিনি আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে তার মত করে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ প্রথম সনদটি আমার নিকট বেশী শক্তিশালী। যদি দু'টি সমস্যা না থাকতঃ

(১) তারা রাস্তার জীবনীতে বলেছেন যে, তার অনেক হাদীস গারীব।

(২) আবু ইসহাক সুবায়'ঈ মুদাল্লিস। তিনি আন আন করে বর্ণনা করেছেন।

মানবী হাদীসটির এক আজব সমস্যা বর্ণনা করে বলেছেনঃ এর সনদে আবুল আহওয়াস রয়েছেন। ইবনু মাঈন তার সম্পর্কে বলেনঃ তিনি কিছুই না। আর হাফিয় যাহাবী তাকে “আয়যুয়াফ” গ্রন্থে উল্লেখ করেছেন।

আর তিনি “আততাইসীর” গ্রন্থে সার সংক্ষেপ উল্লেখ করে বলেছেনঃ এর সনদে আবুল আহওয়াস রয়েছেন। তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ এটা মারাত্তক ভুল। কারণ এ হাদীসের মধ্যে এ আবুল আহওয়াস তিনি নন যাকে হাফিয় যাহাবী দুর্বল আখ্যা দিয়ে বলেছেন এর নাম এবং ন্যায়পরায়ণতার বিষয়টি অজ্ঞাত। হাফিয় যাহাবীর পূর্ণাঙ্গ কথা হচ্ছে এই যে, "তার থেকে যুহরী ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি"।

আপনি দেখছেন যে, এ হাদীসটি তার থেকে আবু ইসহাকের বর্ণনায় বর্ণিত হয়েছে। আর আবুল আহওয়াস তিনিই যার থেকে আবু ইসহাক বর্ণনা করেন। তিনি হচ্ছেন আউফ ইবনু মালেক জাশমী। তিনি নির্ভরযোগ্য ইমাম মুসলিমের বর্ণনাকারী। আবু ইসহাক যদি আবুল আহওয়াস থেকে শ্রবণ করাকে স্পষ্ট করতেন তাহলে এ হাদীসটির অবস্থা ভালই হতো।

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72634>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন